বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১৯-২০২০/১১২৩ তারিখঃ ২৪-০২-২০২০

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক ও আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ গ্রাহককে জালনোট সরবরাহের ক্ষেত্রে জড়িত (যদি থাকে)কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ) হতে ০৯-০২-২০২০ তারিখে জারীকৃত সূত্র নং-ডিসিএম (জালনোট)ঃ১০(সভা)/২০২০-৫৯৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। সাম্প্রতিক সময়ে কতিপয় তফসিলী ব্যাংকের কর্মকর্তাদের বিরুদ্ধে গ্রাহককে নগদ অর্থ লেনদেনের সময় জালনোট সরবরাহ করা হচ্ছে বা এ ধরণের কর্মকান্ডে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংশ্লিষ্টতা রয়েছে মর্মে ব্যাংকের সাধারণ গ্রাহকদের নিকট হতে অভিযোগ পাওয়া যাচ্ছে।

০৩। উল্লেখ্য যে, দন্ডবিধি-১৮৬০ এর ৪৮৯(ক)-(ঘ) ধারা মোতাবেক জাল নোট প্রস্তুত, সংরক্ষণ, ক্রয়-বিক্রয় এবং জাল নোট প্রস্তুতের সরঞ্জামাদি প্রস্তুত, ক্রয়-বিক্রয় সংক্রান্ত অপরাধের জন্য সর্বোচ্চ শাস্তি হিসেবে জরিমানাসহ যাবজ্জীবন কারাদন্ড এবং জাল নোট সংরক্ষণ করার জন্য অপরাধীকে জরিমানাসহ সাত বছর পর্যন্ত বিভিন্ন মেয়াদে সশ্রম বা বিনাশ্রম কারাদন্ড দেয়া যাবে মর্মে উল্লেখ রয়েছে। এছাড়া বিশেষ ক্ষমতা আইন-১৯৭৪ এর ২৫(ক) ধারায় জালনোট প্রস্তুত, ক্রয়-বিক্রয়, সংরক্ষণ, পাচার এবং জালনোট প্রস্তুতের সরঞ্জামাদি প্রস্তুত, ক্রয়-বিক্রয়, ব্যবহার, দখলে রাখা ইত্যাদি কাজগুলোকে অপরাধ হিসেবে চিহ্নিত করতঃ সর্বোচ্চ শাস্তি হিসেবে মৃত্যুদন্ডের বিধান রয়েছে।

০৪। এমতাবস্থায়, গ্রাহককে জালনোট সরবরাহের ক্ষেত্রে বাংলাদেশ কৃষি ব্যাংকের কোন কর্মকর্তা/কর্মচারীগণের প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংশ্লিষ্টতা পাওয়া গেলে তা স্ব-স্ব বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে যথাযথ তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহন করতঃ ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ) বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এবং অত্র ব্যাংকের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

সংযুক্তি ০১(এক) পাতা।

28/02/2020
(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১৯-২০২০/১১২৩ তারিখঃ ২৪-০২-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। মহাব্যবস্থাপক, ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ) বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, ।
০৮। নথি/মহানথি।

24/02/2020
(মোঃ আঃ আজিজ)
সহকারী মহাব্যবস্থাপক

F:Khalafot/Circular

৫০১১৯


# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)


সূত্র নং- ডিসিএম(জালনোট)ঃ১০(সভা)/২০২০-৫৯৭ তারিখঃ ০৭/০২/২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং ৬৪২ তারিখ ১৭/০২/২০২০
DGM-BCBD
ডিএমডি-১

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৬৯৫৫ তারিখ ১৬.০২.২০২০
ডিএমডি-১
জিএম
ডিজিএম
ব্যবস্থাপনা পরিচালক

প্রিয় মহোদয়,

**গ্রাহককে জাল নোট সরবরাহের ক্ষেত্রে জড়িত (যদি থাকে) কর্মকর্তা/কর্মকর্তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহন প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সাম্প্রতিক সময়ে কতিপয় তফসিলী ব্যাংকের কর্মকর্তাদের বিরুদ্ধে গ্রাহককে নগদ অর্থ লেনদেনের সময় জাল নোট সরবরাহ করা হচ্ছে বা এ ধরণের কর্মকান্ডে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে সংশ্লিষ্টতা রয়েছে মর্মে ব্যাংকের সাধারণ গ্রাহকদের নিকট হতে অভিযোগ পাওয়া যাচ্ছে।

০৩। এমতাবস্থায়, গ্রাহককে জাল নোট সরবরাহের ক্ষেত্রে আপনাদের ব্যাংকের কোন কর্মকর্তা/কর্মকর্তাগণের প্রত্যক্ষ বা পরোক্ষ সংশ্লিষ্টতা পাওয়া গেলে যথাযথ তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ অত্র বিভাগকে অবহিত করার জন্য পরামর্শ দেয়া হলো।

০৪। উল্লেখ্য যে, **দন্ডবিধি-১৮৬০ এর ৪৮৯(ক)-(ঘ)** ধারা মোতাবেক জাল নোট প্রস্তুত, সংরক্ষণ, ক্রয়-বিক্রয় এবং জাল নোট প্রস্তুতের সরঞ্জামাদি প্রস্তুত, ক্রয়-বিক্রয় সংক্রান্ত অপরাধের জন্য সর্বোচ্চ শাস্তি হিসেবে জরিমানাসহ যাবজ্জীবন কারাদন্ড এবং জাল নোট সংরক্ষণ করার জন্য অপরাধীকে জরিমানাসহ সাত বছর পর্যন্ত বিভিন্ন মেয়াদে সশ্রম বা বিনাশ্রম কারাদন্ড দেয়া যাবে মর্মে উল্লেখ রয়েছে। এছাড়া **বিশেষ ক্ষমতা আইন-১৯৭৪ এর ২৫(ক)** ধারায় জাল নোট প্রস্তুত, ক্রয়-বিক্রয়, সংরক্ষণ, পাচার এবং জাল নোট প্রস্তুতের সরঞ্জামাদি প্রস্তুত, ক্রয়-বিক্রয়, ব্যবহার, দখলে রাখা ইত্যাদি কাজগুলোকে অপরাধ হিসেবে চিহ্নিত করতঃ সর্বোচ্চ শাস্তি হিসেবে মৃত্যুদন্ডের বিধান রয়েছে।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবস্থা উন্নয়ন বিভাগ
নম্বর ৫২৮ তারিখ ২৭/২/২০
সহকারী মহাব্যবস্থাপক
২৮/২/২০২০
উপ-মহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ শহিদুল আলম)
যুগ্ম-পরিচালক
ফোনঃ +৮৮০-২৫৫৬৬৫০০১-২০/২০৮৮১
ই-মেইলঃ shahidul.alam449@bb.org.bd